ভোরের কাগজ

তারিখ ... 19 NOV 1998 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ... ৭ ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম

## বিজ্ঞপ্তি

নম্বর : পনি/২০৯/৯৮ তারিখ : ১৭-১১-৯৮

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরবর্তী সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য এক বিষয়ে অংশগ্রহণ প্রসঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের ১১-১১-৯৮ তারিখের শিম/শাঃ ১০/সভা (বোর্ড)-২/৯৮/৬২৮ নং স্মারকে উল্লেখিত সভার ৫নং সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৯৮ সালে অনুষ্ঠিত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে যেসব পরীক্ষার্থী শুধুমাত্র এক বিষয়ে ফেল করার কারণে অকৃতকার্য হয়েছে, সেসব পরীক্ষার্থী ১৯৯৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ইচ্ছা করলে শুধু অকৃতকার্য এক বিষয়ে (উভয় অংশ/পত্রে) পরীক্ষা দিতে পারবে এবং পাস করলে এসব পরীক্ষার্থীর ফলাফল 'বিশেষ পাস' হিসাবে প্রদান করা হবে, কোন বিভাগ (১ম, ২য় ও ৩য়) প্রদান করা হবে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য, এ ব্যবস্থা ঐচ্ছিক হিসাবে গণ্য করা হবে, অর্থাৎ এ জাতীয় কোন পরীক্ষার্থী ইচ্ছা করলে একাধিক বিষয়ে অকৃতাকার্য পরীক্ষার্থীদের ন্যায় সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা অব্যবহিত পরবর্তী বছরের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করে পাস করলে তাদের পাসের সনদ পরবর্তী সালের হবে এবং তাদের দুই বছরের পরীক্ষার জন্য ২টি নম্বরপত্র ইস্যু করা হবে।

উল্লেখ্য একাধিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ ঐচ্ছিক নিয়ম প্রযোজ্য হবে না। তাদের সকল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ ব্যবস্থা পরবর্তী বছরগুলোর জন্য অব্যাহতভাবে বহাল থাকবে।

পাঁচটি শিক্ষা বোর্ডের পক্ষে
প্রফেসর মোঃ আতাউর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ডি-২৪১০/৯৮